

তারিখ

পৃষ্ঠা

কলাম

৫

শিক্ষা মন্ত্রণালয়ে ফাইলের সূপ বদলি ওএসডি চলছে সমানে

বিজ্ঞান বার্তা পরিবেশক : শিক্ষা মন্ত্রণালয়ে কাজের গতি মন্থর হলেও বদলি, ওএসডি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক অদল বদলের কার্য হচ্ছে সুপারসনিক গতিতে। মন্ত্রণালয়ে কর্মকর্তাদের ক্রমে ক্রমে ফাইলের সূপ জমে থাকলেও অনুমতি না মেলায় শিক্ষা সচিবের দপ্তরে যেতে পারছে না। বদলি, ওএসডি ও শিক্ষকদের অদল-বদল করার কাজ হচ্ছে প্রতিদিন।

জানা গেছে, সম্প্রতি ঢাকা শহরের ৯টি সরকারি কলেজের অধ্যক্ষ বদলি করা হয়েছে। শিক্ষক বদলি হয়েছে আরও বেশি। মন্ত্রণালয়ে কর্মকর্তাও একই হারে বদলি হয়েছেন। এসব কাজে ত্বরিতগতি থাকলেও এডিপিত্ত উন্নয়ন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা নিয়মিত সভা হয় না। অথচ প্রতিমাসে এ কমিটির বৈঠক হওয়ার কথা। মাসিক সমন্বয় সভাও নিয়মিত হয় না।

সূত্র জানিয়েছে, শিক্ষা সচিব সম্প্রতি তার অধীনের কর্মকর্তাদের ওপর এক নির্দেশ জারি করেছেন অনুমতি না নিয়ে কেউ তার ক্রমে ফাইল নিয়ে যেতে পারবে।
শিক্ষা : পৃঃ ২ কঃ ৪

শিক্ষা : মন্ত্রণালয়

(১ম পৃষ্ঠার পর)

না। তার দপ্তরেও ফাইল রিসিভ করা হয় না। কর্মকর্তারা তাই ফাইল ওয়ার্ড না হলেও সূপ কঠোর রাখছেন টেবিলে।

সূত্র জানায় মুক্তিযোদ্ধা ও মুক্তিযুদ্ধের সংগঠিত অধ্যাপক আবু ইউসুফ এবং বেগম মমতাজ বেগমকে বদলি হলো ওএসডি। শুধু তাই নয় ওএসডির আদেশ ২৪ মে'র থাকলেও তারা জানাতে পারেন তা ৮ তারিখ বিকেলে। পরের দিন ৯ তারিখ থেকে তারা স্ট্যান্ড রিপিজ হয়ে যান। রাজনীতির শিকার দুই শিক্ষকের একজন হচ্ছেন ঢাকা কলেজের, ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক আবু ইউসুফ এবং অন্য জন সরকারি জগন্নাথ কলেজের (মৈশ) সর্জন বিভাগের সহযোগী অধ্যাপক মমতাজ বেগম।